

যঙ্গফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৩৯

১/ বিবিধ

আরবী

إِنَّ لِلَّهِ ضَنَائِنَ مِنْ عِبَادِهِ، يَغْذُوهُمْ فِي رَحْمَتِهِ، وَيُحَيِّهِمْ فِي عَافِيَتِهِ، وَإِذَا تَوَفَّاهُمْ إِلَى جَنَّتِهِ، أُولَئِكَ الَّذِينَ تَمَرَّ عَلَيْهِمُ الْفَتْنَ كَالْلَّيلِ الْمُظْلَمِ وَهُمْ مِنْهَا فِي عَافِيَةٍ
ضعيف

رواه الطبراني في "الكبير" (1/201/3 - 2) والعقيلي في "الضعفاء" (405) وأبو نعيم في "الحلية" (6/1) والخطيب في "التلخيص" (ق 68) والhero في "ذم الكلام" (1/83/4) من طريقين عن إسماعيل بن عياش: حدثني مسلمة بن عبد الله عن نافع عن ابن عمر مرفوعا

قلت: وهذا إسناد ضعيف. قال العقيلي: "مسلم بن عبد الله مجاهول بالنقل، حديثه غير محفوظ، والرواية في هذا الباب لينة

إِنَّ لِلَّهِ عَزَّ وَجَلَّ عِبَادًا يَحِيِّهِمْ فِي عَافِيَةٍ، وَيَمْتَهِنُهُمْ جَنَّةً فِي عَافِيَةٍ . رواه الطبراني في "الأوسط" (رقم 3255) : حدثنا بكر: حدثنا إبراهيم بن

البراء بن النضر بن أنس: حدثنا حماد بن سلمة عن الأعمش عن أبي صالح عن أبي مسعود الأنصاري مرفوعا. وقال: " لا يروى عن أبي مسعود إلا بهذا الإسناد، ولا يحفظ لحماد عن الأعمش إلا هذا، وقد روى حماد عن الحجاج بن أرطاة عن الأعمش، ولا ينكر أن يكون قد سمع من الأعمش، لأنَّه قد روى عن جماعة من الكوفيين منهم سلمة بن كهيل وحماد بن سليمان وعااصم بن بهلة وأبو حمزة الأعور وغيرهم

قلت: لكن الراوي عنه إبراهيم بن البراء متهم بالكذب. قال ابن عدي: " ضعيف جدا

حدث بالباطل". قال ابن حبان: "يحدث عن الثقات بالموضوعات

বাংলা

১২৩৯। আল্লাহর বান্দাদের মধ্য থেকে কিছু বিশিষ্ট লোক রয়েছে, তিনি তার দয়ায় তাদেরকে খাদ্য প্রদান করে থাকেন এবং তিনি তার থেকে সুস্থতা দান করে তাদেরকে জীবিত রাখেন। তিনি যখন তাদেরকে মৃত্যু দান করে তখন তাদেরকে জান্নাত দেন। তারা সেই সব লোক যাদের উপর দিয়ে ফের্না ফাসাদ বয়ে যায় অন্ধকারাচ্ছন্ন রাতের ন্যায় অথচ তারা সেগুলো থেকে নিরাপদ।

হাদীসটি দুর্বল।

হাদীসটি ইমাম তুবারানী "আল-মুজামুল কাবীর" গ্রন্থে (৩/২০১/১-২), ওকায়লী "আয-যুয়াফাহ" গ্রন্থে (৪০৫), আবু নুয়াইম "আল-হিলইয়্যাহ" গ্রন্থে (১/৬), আল-খাতীব "আত-তালখীস" গ্রন্থে (কাফ ২/৬৮), হারাবী "যামুল কালাম" গ্রন্থে (৪/৮৩/১) দুটি সূত্রে ইসমাইল ইবনু আইয়্যাশ হতে, তিনি মাসলামাহ ইবনু আবদিল্লাহ হতে, তিনি নাফে' হতে, তিনি ইবনু উমার (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। ওকায়লী বলেনঃ মাসলামাহ ইবনু আবদিল্লাহ বর্ণনার ক্ষেত্রে মাজভুল (অপরিচিত)। তার হাদীস নিরাপদ নয়। এ অধ্যায়ের বর্ণনাটি দুর্বল। অন্য সূত্রে হাদীসটি সংক্ষেপে নিম্নের বাক্যে বর্ণনা করা হয়েছেঃ

إِنَّ لِلَّهِ عَزَّ وَجَلَّ عَبَادًا يُحِبُّهُمْ فِي عَافِيَةٍ، وَيُمِيتُهُمْ فِي عَافِيَةٍ، وَيُدْخِلُهُمْ جَنَّةً فِي عَافِيَةٍ

"আল্লাহ তা'আলার কতিপয় বান্দা রয়েছে যাদেরকে তিনি সুস্থতার মধ্যেই জীবিত রেখেছেন, তাদেরকে সুস্থতার মধ্যেই মৃত্যু দান করবেন, সুস্থ অবস্থাতেই তাদেরকে (কিয়ামত দিবসে) উঠাবেন এবং তাদেরকে নিরাপদে জান্নাতে প্রবেশ করাবেন।

এ হাদীসটি ইমাম তুবারানী "আল-মুজামুল আওসাত" গ্রন্থে (৩২২১) এবং "আল-মুজামুল কাবীর" গ্রন্থে (১৬৮৭) বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ কিন্তু এর সনদের মধ্যে ইবরাহীম ইবনুল বারা নামক এক বর্ণনাকারী রয়েছেন তিনি মিথ্যা বর্ণনা করার দোষে দোষী। ইবনু আদী তার সম্পর্কে বলেনঃ তিনি খুবই দুর্বল, তিনি বাতিল হাদীস বর্ণনা করেন। ইবনু হিবান বলেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ভিতিতে বানোয়াট হাদীস বর্ণনা করেন।

হাদিসের মান: যন্ত্রে (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72118>

⌚ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন